



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিএম, প্রধান কার্যালয়
www.bsti.gov.bd
মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।



নম্বর: ৩৬.০৫.০০০০.৩০২.৫২.১৮০.২৩.৮২৯

১৪৯৭

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

প্রাপক:

ব্যবস্থাপনা পরিচালক, একেআই ইনফ্রাস্ট্রাকচার লিমিটেড, সাইদ প্লাজা, লেভেল ৪, হাউজ ৫৩৪, ৫৩৮ ভাটারা, ঢাকা।

বিষয়: আমদানিকৃত পণ্যের অনুকূলে অনাপত্তি প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ও আপনার গত ২৫-০৩-২০২৪ খ্রিঃ তারিখের পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'ইলেক্ট্রিক মিটার' বিএসটিআই'র বাধ্যতামূলক ২৭৩ টি পণ্যের আওতাভুক্ত। আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর আওতাভুক্ত হওয়ায় উক্ত পণ্য বিক্রি-বিতরণের উদ্দেশ্যে আমদানি করা হলে কাস্টম কর্তৃপক্ষের চূড়ান্ত শুল্কায়নের পূর্বে বিএসটিআই হতে ছাড়পত্র গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু আপনার প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আবেদন অনুযায়ী এয়ার ওয়ে বিল নং ২৭১৮০১৮৪৮৬৫৪ তারিখ: ০৮/০৩/২০২৪ এবং ইনভয়েস নম্বর SAMPLE2024030501 তারিখ: ০৫/০৩/২০২৪ খ্রিঃ এর মাধ্যমে আমদানিকৃত ওয়াটার মিটার ও ইলেক্ট্রিক মিটার পরিমাণঃ ০৬ পিস পণ্যসমূহ কেবলমাত্র নিজস্ব প্রজেক্টের কাজে ব্যবহার করা হবে-মর্মে আপনি আবেদনপত্রের সাথে নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা দাখিল করেছেন।

এমতাবস্থায়, বর্ণিত চালানের মাধ্যমে আমদানিকৃত ওয়াটার মিটার ও ইলেক্ট্রিক মিটার বিক্রি-বিতরণ করা হবে না বিধায় উক্ত পণ্যের অনুকূলে অনাপত্তি প্রদান করা হলো।

আপনার বিশ্বস্ত,

৩১-০৩-২০২৪

মোঃ নূরুল আমিন

পরিচালক

৫৫০৩০১১৩

nurulamin.bsti@gmail.com

নম্বর:

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউজ, ঢাকা এবং

২। পিএ টু মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।